গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ-১ শাখা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৮৩.১২.০০০৯.১৯-৪০৮

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

প্রজ্ঞাপন

"সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯"-এর শর্তানুযায়ী Standard Aptitude Test-এ উত্তীর্ণ হওয়ায় এবং অন্যান্য শর্তাদি পূরণ হওয়ায় বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাকে জাতীয় বেতনস্কেল, ২০15 এর ৩৫৫০০-৬৭০১০/- টাকার (৬ষ্ঠ গ্রেড) বেতনস্কেলে তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে পদোন্নতি প্রদান করা হলো:

| কর্মকর্তার নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ ও গ্রেড |
|---|---|
| জনাব খন্দকার এ এইচ মাহমুদ<br>রেজিস্ট্রেশন নম্বর: ০০০৪৩৪<br>সহকারী প্রোগ্রামার (৯ম গ্রেড), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | প্রোগ্রামার (৬ষ্ঠ গ্রেড)<br>বেতনস্কেল ৩৫৫০০-৬৭০১০/- |

শর্তাবলী:

(১) যোগদানের তারিখ হতে এ পদোন্নতি কার্যকর হবে;

(২) সরকারি বিধি মোতাবেক তিনি বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(৩) "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯"-এর বিধি ৬(১)(খ) মোতাবেক তাকে যোগদানের তারিখ হতে ১ (এক) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে;

(৪) উক্ত বিধিমালার ৬(২)(খ) মোতাবেক শিক্ষানবিস মেয়াদকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে অথবা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকলে তাঁকে পূর্বের পদে প্রত্যাবর্তন করা হবে;

(৫) শিক্ষানবিস মেয়াদকাল সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর উক্ত বিধিমালার ৬(৩)(ক) মোতাবেক যোগদানের তারিখ হতে তাঁর পদোন্নতি প্রাপ্ত পদে চাকুরি স্থায়ী করা হবে; এবং

(৬) আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সরকারের প্রচলিত আইন, আদেশ বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৩/০৬/২০২৬

মুহাম্মদ নজরুল ইসলাম
উপসচিব
ফোন: ০২-৯৫১১৬০৩
ই-মেইল: lgws1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৮৩.১২.০০০৯.১৯-৪০৮

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩ / ২৩ জুন ২০২৬

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব, পানি সরবরাহ অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. যুগ্মসচিব, পানি সরবরাহ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা;
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ);
৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
১০. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১. জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,------------------------------------------------------------;
১২. জনাব খন্দকার এ এইচ মাহমুদ, সহকারী প্রোগ্রামার, ডিপিএইচই, কাকরাইল, ঢাকা;
১৩. অফিস কপি/মাস্টার কপি।